



# THE CITY OF NEW YORK

DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE

Michael R. Bloomberg  
Mayor

Thomas R. Frieden, M.D., M.P.H.  
Commissioner

nyc.gov/health

পেডিকেলোসিস (মাথার উকুন, শরীরের উকুন, উপস্থের উকুন, চর্ম-উকুন, কাঁকড়া)

পেডিকেলোসিস কি? বয়স্ক উকুন বা তাদের ডিমের মধ্যে থাকা এক ধরনের সংক্রমণ হল পেডিকেলোসিস। বৃকে হেঁটে চলা এই কীট মানুষের রক্ত পান করে যা মারাত্মক চুলকানির সৃষ্টি হয়। মাথার উকুন সাধারণত মাথার ত্বকে পাওয়া যায় এবং উপস্থের উকুন উপস্থ (জননেন্দ্রিয়) এলাকায় থাকে। চর্ম উকুন কাপড়ের সেলাইয়ের মধ্যে থাকে এবং খাবারের জন্য শরীরের চামড়ার ওপর ঘুরে বেড়ায়।

কে পেডিকেলোসিসে আক্রান্ত হতে পারে? যে কারো উকুন হতে পারে।

কিভাবে পেডিকেলোসিস ছড়ায়?

আক্রান্ত ব্যক্তির সাথে সরাসরি মেলামেশার মাধ্যমে বা ওই ব্যক্তির ব্যবহৃত জিনিস যেমন টুপি, কাপড় - চোপড়, চিরুনি বা ব্রাশ ব্যবহারের মাধ্যমে মাথার উকুন এবং শরীরের উকুন উভয়ই ছড়াতে পারে। অন্যান্য উপায়েও উকুন ছড়ায়, যেমন উপস্থের উকুন যৌন মিলনের মাধ্যমেই অধিকাংশ সময় সংক্রমিত হয়ে থাকে।

পেডিকেলোসিসের লক্ষণগুলো কি?

উকুন শরীরের যেখান থেকে রক্ত খায়, সেখানে চুলকানির অনুভূতি হলো প্রথম লক্ষণ। মাথার পেছনে বা কানের আশে পাশে চুলকালে মাথায় উকুন আছে কি না, তা পরীক্ষা করতে হবে। যোনাঞ্জের আশেপাশে চুলকালে উপস্থের উকুন বা তাদের ডিম আছে কি না তা পরীক্ষা করতে হবে।

আক্রান্ত হওয়ার ঠিক কত সময়ের মধ্যে লক্ষণগুলো দেখা দেয়?

উকুনে আক্রান্ত হওয়ার পর মারাত্মক চুলকানিসহ উকুনের উপস্থিতি লক্ষ্য করতে একজন ব্যক্তির ২ থেকে ৩ সপ্তাহ বা তারও বেশি সময় লাগতে পারে।

একজন ব্যক্তি কতদিন পর্যন্ত পেডিকেলোসিসের বিস্তার ঘটাতে পারে?

যতদিন পর্যন্ত ব্যক্তির শরীরে বা জামাকাপড়ে জীবন্ত উকুন বা উকুনের ডিম থাকবে ততদিনই পেডিকেলোসিস ছড়াতে পারে।

পেডিকেলোসিসের চিকিৎসা কি?

অনেক শ্যাম্পু বা ক্রিম রয়েছে যা দিয়ে কার্যকরভাবে উকুন মারা যায়। পারমেথ্রিন বা পাইরেথ্রিন সংবলিত সামগ্রী বাজারে পাওয়া যায়। পার্শ্বপ্রতিক্রিয়া ও বিষক্রিয়া এড়ানোর জন্য ব্যবহারের পরিমাণ ও সময়কাল জানতে লেবেলের নির্দেশনা অনুসরণ করা উচিত। ৭ বা ১০ দিন পর সাধারণত পুনরায় চিকিৎসা গ্রহণের পরামর্শ দেয়া হয় যাতে কোন উকুনের ডিম জীবিত থাকতে না পারে। উকুনের চিরুনি পাওয়া যায় যা উকুনের ডিম দূর করতে সাহায্য করে।

কিভাবে পেডিকেলোসিস প্রতিরোধ করা যায়?

আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ মেলামেশা এবং তাদের জিনিসপত্র বিশেষত কাপড়-চোপড়, টুপি এবং বিছানা-বালিশ ব্যবহার করা উচিত নয়। স্বাস্থ্য শিক্ষায় উকুন সনাক্তকরণ এবং এর চিকিৎসার সঠিক পদ্ধতির ওপর আলোকপাত করা উচিত। চিকিৎসার পর পুনরায় যাতে সংক্রমণ না ঘটে সে জন্য কাপড়-চোপড় ও বিছানাপত্র গরম পানিতে ধুয়ে (১৪০ ডিগ্রি ফারেনহাইটে ২০ মিনিট ধরে) গরম বাতাসে শুকাতে হবে যাতে উকুন ও উকুনের ডিম মরে যায়। যেহেতু উকুনের ডিম থেকে ৬-১০ দিনের মধ্যে ডিম ফুটতে পারে এবং উকুন মাথার ত্বক থেকে দূরে মাত্র ১-২ দিন বেঁচে থাকতে পারে, তাই সংক্রমিত উপকরণ যোগ্যে ধোয়া যায় না সেগুলো প্লাস্টিকের ব্যাগে ভরে বন্ধ করে ১০ দিন রেখে দিলে বেশ ফল দেয়।

পেডিকেলোসিস নিয়ে কোন ছেলেমেয়ে স্কুলে থাকতে পারে কি?

না। নিউ ইয়র্ক সরকারি স্কুলগুলো 'নো হেড লাইস' নীতি অনুসরণ করে। চিকিৎসা গ্রহণের পর উকুনমুক্ত হলেই কেবল ছেলেমেয়েরা স্কুলে ফেরত আসতে পারে।